

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ
নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-০৬/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ১২ জুলাই, বুধবার ২০২৩, ২৮ আষাঢ় ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। জনস্বাস্থ্য সম্পর্কিত লক্ষ্য অর্জনে বৈশ্বিক অংশীদারিত্ব প্রতিষ্ঠার আহ্বান প্রধানমন্ত্রীর
- ০২। সরকার এতিমদের সুন্দর ভবিষ্যৎ গড়ে দেবার চেষ্টা করছে: খর্ম প্রতিমন্ত্রী
- ০৩। ময়মনসিংহের ভালুকায় ছাত্রছাত্রীদের মাঝে ট্যাব বিতরণ
- ০৪। ডেঙ্গু প্রতিরোধে মসিকের স্কুল ভিত্তিক সচেতনতা ক্যাম্পেইন
- ০৫। ময়মনসিংহ মেডিকলে ডেঙ্গু আক্রান্ত একজনের মৃত্যু

০১। জনস্বাস্থ্য সম্পর্কিত লক্ষ্য অর্জনে বৈশ্বিক অংশীদারিত্ব প্রতিষ্ঠার আহ্বান প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনগণের স্বাস্থ্য ঝুঁকি মোকাবিলায় পিছিয়ে থাকা দেশগুলোর নিজস্ব সক্ষমতা বৃদ্ধির জন্যে জনস্বাস্থ্য সম্পর্কিত লক্ষ্য অর্জনে কার্যকর বৈশ্বিক অংশীদারিত্ব প্রতিষ্ঠার আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, আজ সময় এসেছে টেকসই উন্নয়ন অভীষ্ট-৩ ও অভীষ্ট-১৭ এর আলোকে জনস্বাস্থ্য সম্পর্কিত ঙ্গিত লক্ষ্য অর্জনে কার্যকর বৈশ্বিক অংশীদারিত্ব প্রতিষ্ঠা করার। মঙ্গলবার (১১ জুলাই) রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে আয়োজিত ‘জনস্বাস্থ্য ও কূটনীতি’ বিষয়ক দু’দিনের আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

০২। সরকার এতিমদের সুন্দর ভবিষ্যৎ গড়ে দেবার চেষ্টা করছে: ধর্ম প্রতিমন্ত্রী

ধর্ম প্রতিমন্ত্রী ফরিদুল হক খান দুলাল বলেছেন, সরকার ক্ষমতায় আসার পর থেকে সবসময় এতিমের পাশে রয়েছে। এতিমদের জন্য একটি সুন্দর ভবিষ্যৎ রচনা করাই সরকারের সব সময়ের প্রচেষ্টা। রবিবার (০৯ জুলাই) রাতে জামালপুরের ইসলামপুরে জেলা পরিষদ ডাকবাংলো হলরুমে ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত ১১টি এতিমখানার অনুকূলে ২য় কিস্তির চেক বিতরণ অনুষ্ঠান তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০৩। ময়মনসিংহের ভালুকায় ছাত্রছাত্রীদের মাঝে ট্যাব বিতরণ

‘পরিসংখ্যান ব্যবহার উন্নয়ন, স্মার্ট বাংলাদেশ গঠন’ এই স্লোগানকে সামনে রেখে ময়মনসিংহের মাধ্যমিক স্তরের স্কুল ও মাদ্রাসা শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরণ করা হয়েছে। মঙ্গলবার (১১ জুলাই) সকালে ভালুকা উপজেলা প্রশাসন ও পরিসংখ্যান অফিসের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে স্থানীয় সংসদ সদস্য কাজিম উদ্দিন আহম্মেদ ধনু ট্যাব বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন। এসময় ৫ শত ৩ জন ছাত্র/ছাত্রীদের মাঝে ট্যাব বিতরণ করা হয়। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন ও দৈনিক সবুজ।

০৪। ডেঙ্গু প্রতিরোধে মসিকের স্কুল ভিত্তিক সচেতনতা ক্যাম্পেইন

একটি ডেঙ্গু সচেতন প্রজন্ম গড়ে তুলতে এবং শিশুদের মাধ্যমে পরিবারে সচেতনতার বার্তা পৌঁছে দিতে গতকাল থেকে ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক) এর উদ্যোগে স্কুল ভিত্তিক সচেতনতা ক্যাম্পেইন শুরু হয়েছে। গতকাল মঙ্গলবার (১১ জুলাই) সকালে নগরীর প্রিমিয়ার আইডিয়াল হাই স্কুল ও ময়মনসিংহ জেলা স্কুল মিলনায়তনে সচেতনতা ক্যাম্পেইন পরিচালনার মাধ্যমে এ কার্যক্রমের উদ্বোধন করেন মসিক মেয়র মো. ইকরামুল হক টিটু। ক্যাম্পেইনে মেয়র প্রধান অতিথি হিসেবে বক্তব্যও প্রদান করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন ও দৈনিক সবুজ।

০৫। ময়মনসিংহ মেডিকলে ডেঙ্গু আক্রান্ত একজনের মৃত্যু

ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে আসমা বেগম (৫০) নামে এক রোগীর মৃত্যু হয়েছে। সোমবার (১০ জুলাই) বিকাল ৫টা ৪০ মিনিটে তিনি মারা যান। মঙ্গলবার (১১ জুলাই) দুপুরে আসমা বেগমের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন হাসপাতালের ডেঙ্গু ওয়ার্ডের ফোকাল পারসন ডা. ফরহাদ হোসেন হীরা। তিনি জানান, পুরান ঢাকা থেকে ডেঙ্গু আক্রান্ত হয়ে আসমা সোমবার বিকাল ৪টা ৪০ মিনিটে এই হাসপাতালে ভর্তি হন। তিনি আরও জানান, বর্তমানে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের ডেঙ্গু ওয়ার্ডে ২৭ জন রোগী ভর্তি থেকে চিকিৎসা নিচ্ছেন। সূত্র: দৈনিক স্বজন ও দৈনিক সবুজ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বজন:** রাজধানীতে অগ্নিকান্ডের ঘটনা নতুন কিছু নয়। একের পর এক দুর্ঘটনা ঘটছে। বিশ্বের অন্যান্য দেশে ঘটা অগ্নি দুর্ঘটনাগুলোতে নজর দিলে দেখা যায়, নিজস্ব অগ্নিনির্বাপক ব্যবস্থা যেখানে ভালো, সেখানে ক্ষতির পরিমাণ কম। আমাদের দেশে অগ্নিকান্ড ঘটলে তুলনামূলক ক্ষতি বেশি হয়। কেবল সচেতন হলেই অনেক অগ্নিকান্ড প্রতিরোধ করা সম্ভব।
- (খ) **দৈনিক সবুজ:** সড়ক-মহাসড়কে দুর্ঘটনার ব্যাপকতা কিছুতেই রোধ করা যাচ্ছে না। সড়ক দুর্ঘটনা রোধে ২০১৯ সালে একটি আইন কার্যকর করা হলেও এর যথাযথ বাস্তবায়ন আজও নিশ্চিত করা হয়নি। দেশের সড়ক দুর্ঘটনা উদ্বেগজনক মাত্রায় বৃদ্ধি পাওয়ায় এ আইনের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা জরুরি হয়ে পড়ছে।
- (গ) **দৈনিক স্বদেশ সংবাদ:** রাজধানীর হাসপাতালগুলোতে ডেঙ্গু রোগীর সংখ্যা ক্রমেই বাড়ছে। কিন্তু অধিকাংশ হাসপাতালেই প্রয়োজনীয় ব্যবস্থাপনার অভাবে রোগীদের দুর্ভোগ পোহাতে হচ্ছে বলে অভিযোগ উঠেছে। তাই তত্ত্বাবধায়করা এ বিষয়টি গুরুত্বের সঙ্গে আমলে নিয়ে হাসপাতালের পরিবেশ ও সেবার মান বৃদ্ধিতে মনোযোগী হবেন, এটাই প্রত্যাশা।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। প্রেক্ষিত আধুনিক নারী সমাজ: শিল্প ও সাংস্কৃতিক পণ্যের রূপান্তরকরণ- ড. ফোরকান উদ্দিন আহাম্মদ (দৈনিক স্বজন)
- ০২। ডেঙ্গুর প্রকোপ ও দায়িত্বহীনতা- চিরঞ্জন সরকার (দৈনিক সবুজ)
- ০৩। ভরসা এখন কৃষি- এ এ জাফর ইকবাল (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।